দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 23 APR 2011
পৃষ্ঠা ... কলাম ...

# যে শিক্ষা আলো দেয় না সেটা প্রকৃত শিক্ষা নয়॥ ধর্মসচিব

ধর্মসচিব মোঃ আব্দুল জলিল বলেছেন, যে শিক্ষা আলো দেয় না সেটা প্রকৃত শিক্ষা নয়। শিক্ষার উদ্দেশ্য হচ্ছে আলোর পথের সন্ধান দেয়া এবং পৃথিবীকে আবিষ্কার করা। দ্বীন ছাড়া দুনিয়া কিংবা দুনিয়া ছাড়া দ্বীন পূর্ণতা পায় না। শনিবার সকালে রাজধানীর আগারগাঁও ইসলামিক ফাউন্ডেশন সভাকক্ষে দারুল আরকাম (প্রাথমিক শিক্ষা) মাদ্রাসার জন্য প্রণীত খসড়া কারিকুলাম ও পাঠ্যপুস্তকের ওপর মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, ইসলামিক ফাউন্ডেশনের মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের আওতায় সারাদেশে ১০১০ দারুল আরকাম মাদ্রাসা প্রতিষ্ঠা করা হবে। এর মাধ্যমে একটি সমন্বিত শিক্ষা ব্যবস্থা চালু করা হবে যেখানে শিশুদের ধর্মীয় ও নৈতিকতা শিক্ষার ভিত্তি রচিত হবে।

ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজালের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ মাওলানা মীর হাবিবুর রহমান যুক্তিবাদী, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের প্রকল্প পরিচালক এবিএম আমিন উল্লাহ নূরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের প্রফেসর ড. মোঃ আজহারুল ইসলাম, প্রফেসর ড. মোঃ আবদুল আউয়াল খান, আরবি বিভাগের প্রফেসর ড. মোঃ আবু বকর সিদ্দীক, উর্দু বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ গোলাম রব্বানী, মাদ্রাসা শিক্ষা অধিদফতরের মহাপরিচালক মোঃ বিল্লাল হোসেন, প্রফেসর ড. একেএম ইয়াকুব হোসাইন, ড. মাওলানা সৈয়দ এমদাদ উদ্দিন, মাওলানা আবদুর রাজ্জাক, মুফতি রফিকুল ইসলাম আল মাদানী, মাওলানা সৈয়দ ওয়াহিদুয্যামান, ড. মুহাম্মদ রুহুল আমিন ও শায়খ উছমান গণী প্রমুখ আলোচনায় অংশ নেন।

ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজাল বলেন, এলেমওয়ালা প্রকৃত আলেম তৈরি করতে হলে কুরান-হাদিস ওহীর জ্ঞান আরবিতে শিখতে ও বুঝতে হবে। দ্বীনি শিক্ষার কারিকুলাম আরবি ভাষায় রচনা করতে পারলে শিক্ষার বিকৃতি রোধ করা সম্ভব। এর মাধ্যমে যোগ্য আলেম তৈরি হবে এবং দ্বীনি শিক্ষা ও দ্বীনি দাওয়াতের কাজ আরো মজবুত হবে। –বিজ্ঞপ্তি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর